Department of
Education
Joel I. Klein, Chancellor

প্রি-স্কুল থেকে স্কুল বয়সে উত্তরণশীল প্রতিবন্ধী শিক্ষার্থীদের কর্মসূচি

পরিচিতি নির্দেশিকা
২০০৮-২০০৯



ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং
স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভস অফিস

NYC Department of Education

জোয়েল আই. ক্লাইন
চ্যান্সেলর

ড. মার্সিয়া ভি. লাইল্‌স, এড. ডি.
ডেপুটি চ্যান্সেলর ফর টিচিং অ্যান্ড লার্নিং

লিন্ডা ওয়ারনিকোফ
এক্সিকিউটিভ ডিরেক্টর
অফিস অব স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভস

প্রি-স্কুল থেকে স্কুল বয়সে উত্তরণশীল প্রতিবন্ধী
শিক্ষার্থীদের কর্মসূচি - একটি পরিচিতি নির্দেশিকা ২০০৮-২০০৯
ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং
অফিস অব স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভস

Department of Education
ঔড়বষ ও. কষবরহ
ঈযধহপবষষড়ৎ

গধৎপরধ ঠ. খুষবং, উফ.উ.
উবঢ়ঁঃু ঈযধহপবষষড়ৎ ভড়ৎ ঞবধপযরহম ধহফ খবধৎহরহম
ঙভভরপব ড়ভ ঞবধপযরহম ধহফ খবধৎহরহম
৫২ ঈযধসনবৎং ঝঃৎববঃ, জড়ড়স ৩২০
ঘবা ণড়ৎশ, ঘবা ণড়ৎশ ১০০০৭

(২১২) ৩৭৪-৫১১৫ ঃবষ
(২১২) ৩৭৪-৫৫৮৮ ভধী

প্রিয় পিতামাতা:

আপনার সন্তান যখন প্রি-স্কুল থেকে কিন্ডারগার্টেনে উত্তীর্ণ হওয়ার জন্য প্রস্ত্তত হচ্ছে, আমি জানি তখন আপনার উদ্দীপনামূলক অনুভূতির সাথে মিশে আছে উদ্বেগ। অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে. আপনার এবং আপনার সন্তানের জন্য এই উত্তরণ যাতে যতটা সম্ভব মসৃণ এবং সাফল্যজনক হয়, তার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন প্রয়োজনীয় সবকিছুই করবে। সে প্রচেষ্টার অংশ হিশেবে এই গুরুত্বপূর্ণ প্রক্রিয়াটি সম্পর্কে আপনাকে অবগত থাকার সহায়তার জন্যতে আমরা এই পরিচিতি নির্দেশিকা তৈরি করেছি।

পুরো স্কুলবর্ষ জুড়ে বাস্তবে যে তথ্য আপনার প্রয়োজন হবে, এই নির্দেশিকায় আপনি তা পাবেন। স্কুলে সন্তানের শিক্ষায় আপনার অব্যাহত অংশগ্রহণ আপনার সন্তানের সাফল্যের উপর এক অসামান্য ভূমিকা রাখবে। অনেক শিক্ষাবিদ আপনার সন্তানের শিক্ষার কথা বলবেন এবং তাদের পড়ালেখা শিক্ষা দেবেন, তবে আপনি সন্তানের পক্ষে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যে অনন্য দৃষ্টিভঙ্গী পোষণ করবেন, তা আপনার সন্তানের জন্য অত্যন্ত মূল্যবান। এই গুরুত্বপূর্ণ কাজে পূর্ণ অংশগ্রহণের জন্য আপনাদের আমন্ত্রণ জানাচ্ছি।

আপনাকে ধন্যবাদ এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে স্বাগতম।

আপনাদের একান্ড়,

গধৎপরধ ঠ. খুষবং, উফ. উ.

মার্সিয়া ভি. লাইল্স্, এড. ডি.
ডেপুটি চ্যান্সেলর ফর টিচিং অ্যান্ড লার্নিং

সূচিপত্র

প্রি-স্কুল থেকে স্কুল-বয়েসীদের পরিষেবায় উত্তরণ: সময়ানুক্রম........১

প্রি-স্কুল থেকে স্কুল- বয়েসীদের পরিষেবায় উত্তরণকালে আপনার বিভিন্ন পরিষেবা প্রাপ্তির আধিকার........২

স্পেশাল এডুকেশনের উপকরণ (স্কুল-বয়সীদের পরিষেবা)........৩

স্কুল-বয়সীদের পরিষেবা

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ........৪

শ্রেণিবন্ধকরণ থেকে অবমুক্তি সহায়ক পরিষেবা........৪

সম্পূরক পরিচর্যাকারী সহায়তা ও পরিষেবায় সাধারণ শিক্ষা........৪

সম্পূরক পরিচর্যাকারীর এবং পরিষেবা........৫

বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা........৫

সংশ্লিষ্ট পরিষেবাসমূহ........৬

সহযোগিতামূলক দলগত শিক্ষকতা........৭

বিশেষ শ্রেণিকক্ষ সহায়তা পরিষেবা........৭

স্টেট-সহায়তাপ্রাপ্ত স্কুল........৯

স্টেট অনুমোদিত বেসরকারি স্কুল........৯

বাড়িতে ও হাসপাতালে শিক্ষা........৯

অতিরিক্ত বিশেষ শিক্ষা পরিষেবা........১০

নিউ ইর্য়ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এর সাথে যোগাযোগের তথ্য........১২

প্রি-স্কুল থেকে স্কুল-বয়সে উত্তীর্ণ হওয়া

পাঁচ বছর বয়সে পদার্পণ করছে এমন ছেলেমেয়েদের একটি সময়ানুক্রম

আপনার সন্তান প্রি-স্কুলে বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণ করলে তাকে কিন্ডারগার্টেনে ভর্তি করার আগে কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই)-এর সাথে তার স্কুল কর্মসূচি সম্পর্কে আলোচনা করা দরকার।

কি হবে?	*কখন?*
১. প্রি-স্কুলের ছেলেমেয়েদের পিতামাতার কাছে উত্তরণ প্রক্রিয়া ব্যাখ্যা করার জন্য এবং অন্যান্য প্রশ্নের উত্তর দেয়ার জন্য আপনার সিএসই একটি বৈঠকের আয়োজন করবে। এই বৈঠকে যে সব স্কুলে গিয়ে আপনি স্কুল-বয়সীদের জন্য সুপারিশকৃত ভিন্ন ভিন্ন পরিষেবা সম্পর্কে জানতে পারবেন, সে সব স্কুলের একটি তালিকা দেয়া হবে। এই তালিকায় ডিস্ট্রিক্ট কর্মসূচি এবং ডিস্ট্রিক্টটিতে অবস্থিত ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মসূচিগুলো অন্তর্ভুক্ত থাকবে। <u>অনুগ্রহ করে লক্ষ করুন:</u> যে স্কুল আপনি পরিদর্শন করবেন সে স্কুলে আপনার ছেলে বা মেয়ে শেষাবধি যেতেও পারে, না-ও যেতে পারে।	নভেম্বর - ডিসেম্বর
২. যদি আপনার সন্তানের প্রতিবন্ধী অবস্থা অব্যাহত থাকে বা এখনও তার বিশেষ শিক্ষার প্রয়োজন হয়, তাহলে তার প্রি-স্কুল কর্মসূচি অথবা প্রি-স্কুল বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিপিএসই) তাকে বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিএসই)-এর কাছে পাঠাবে।	ডিসেম্বর
৩. যখন আপনার সন্তানকে বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিএসই)-এর কাছে পাঠানোর সিদ্ধান্ত হবে তখন আপনি সিএসই-এর নিকট থেকে "নোটিস অব রেফারেল ফর রিভিউ অব ইনডিভিজুয়ালাইজড এডুকশেন প্রোগ্রাম (আইইপি)" শিরোনামে একটি চিঠি পাবেন। সেই চিঠিতে আপনার সন্তানকে সিএসই-তে সুপারিশ করা এবং তার জন্য একটা নথি খোলার বিষয় উল্লেখ থাকবে।	ডিসেম্বর - ফেব্রুয়ারি
৪. সিএসই এবং/অথবা স্কুল কর্মকর্তা আপনার সন্তানকে পর্যবেক্ষণ করবেন। যদি কোন মূল্যায়ন প্রয়োজনীয় বলে বিবেচিত হয়, তাহলে কোন্ মূল্যায়নটি প্রয়োজনীয়, সিএসই তা নির্ধারণ করবেন এবং সে সমস্ত মূল্যায়ন পরিচালনা করবেন। বিশেষ শিক্ষা কমিটি (সিএসই) আপনার সন্তানের বর্তমান শিক্ষক ও চিকিৎসকের কাছ থেকে অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ করবেন। (স্কুলে ভর্তির জন্য আপনার সন্তানের প্রতিষেধক হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত হবেন।)	ডিসেম্বর - মার্চ
৫. সিএসই এবং/অথবা পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট-এর একটি পরিষদ একটি 'ব্যক্তিক শিক্ষা কর্মসূচি' (আইইপি) সংক্রান্ত বৈঠক করবে। যদি আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা অব্যাহত রাখা প্রয়োজনীয় বলে বিবেচিত হয়, তাহলে তার বিশেষ প্রয়োজন উল্লেখ করে একটি স্কুল-বয়সীদের উপযোগী আইইপি প্রণয়ন করা হবে।	মার্চ - অগাস্ট (সময়সূচির জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা ২ দেখুন)
৬. আপনি "ফাইনাল নোটিশ অব রিকমেন্ডেশন" শিরোনামে বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিএসই)-এর এর কাছ থেকে একটি চিঠি পাবেন। উক্ত চিঠিতে যে স্কুলে আপনার ছেলে বা মেয়ে স্কুল-বয়সী বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণ করবে বলে ঠিক হয়েছে, সেই স্কুলের নামোল্লেখ থাকবে। স্কুল-বয়সের উপযোগী যে কর্মসূচি সুপারিশ করা হয়েছে আপনি সেই কর্মসূচি পরিদর্শন করতে পারেন। প্রাপ্যতা সাপেক্ষে, যে শ্রেণিকক্ষে আপনার সন্তান যাবে, সেই শ্রেণিকক্ষও আপনি পরিদর্শন করতে পারবেন।	জুন - সেপ্টেম্বর

উপরে উল্লিখিত ধাপসমূহ সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে সিএসই-এর সাথে যোগাযোগ করতে পারেন (১২ পৃষ্ঠায় তালিকা দেখুন)।

প্রি-স্কুল থেকে স্কুল বয়সে উত্তরণকালে আপনার পরিষেবা লাভের অধিকার

উত্তরণ প্রক্রিয়াকালে আপনার:

- সকল পুনর্মূল্যায়নে সম্মতি জানাবার অধিকার আছে। তবে, যদি সিএসই লিখিতভাবে পুনর্মূল্যায়নে আপনার সম্মতি পাবার চেষ্টা করেন এবং আপনি তাদের অনুরোধের জবাব না দেন, তাহলে তারা আপনার সম্মতি ছাড়াই পুনর্মূল্যায়ন করতে পারবেন।

- সকল আই.ই.পি. বৈঠকে উপস্থিতির মাধ্যমে সিদ্ধান্তগ্রহণে অর্থবহ অংশগ্রহণের অধিকার রয়েছে। এর অন্তর্ভুক্ত রয়েছে সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় সাহায্য করার জন্য আপনার সন্তান সম্পর্কে বিশেষ জ্ঞান বা দক্ষতাসম্পন্ন কোন ব্যক্তিকে বৈঠকে আনার অধিকার।

- মূল্যায়নের কপি ও আপনার সন্তানের আইইপি পাওয়ার অধিকার আছে।

- সন্তানের ব্যাপারে গৃহীত কোন সিদ্ধান্ত সম্পর্কে আপনি একমত না হলে বিরোধ নিরসন (একটি নতুন আইইপি টিম মিটিং), মধ্যস্থতা, এবং/অথবা পক্ষপাতহীন ন্যায়-বিচার প্রক্রিয়া পাওয়ার অধিকার রয়েছে।

- সন্তানকে প্রয়োজনীয় সময়সীমার মধ্যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন যদি উপযুক্ত স্কুল দিতে না পারে, তাহলে আপনার অধিকার আছে সন্তানকে স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশন অনুমোদিত উপযুক্ত কর্মসূচি সম্পন্ন যে কোনো বেসরকারি স্কুলে পাঠানোর। অনুমোদিত বেসরকারি স্কুলে পাঠানোর অধিকার থাকলে আপনি সিএসই-এর কাছ থেকে "এলিজিবিলিটি ফর প্রাইভেট স্কুল" শিরোনামে একটা চ-১ চিঠি পাবেন।

  - *প্রয়োজনীয় সময়সীমা* - যে সকল শিক্ষার্থীর বয়স সেপ্টেম্বরের মধ্যে ৪ বছর ৯ মাস হবে এবং যারা সেপ্টেম্বর থেকে স্কুলে যাওয়া শুরু করবে, যাদের জন্য সিএসই রেফারেল পেয়েছে তাদেরকে:

    - ১ মার্চ তারিখের আগে, সিএসই ১৫ জুন তারিখের মধ্যে অবশ্যই যথাযথ পরিষেবা প্রদান করার প্রস্তাব দেবে; অথবা
    - ১ মার্চ তারিখের পরে কিন্তু ১ এপ্রিল তারিখের আগে, সিএসই-কে অবশ্যই ১৫ জুলাই তারিখের মধ্যে উপযুক্ত পরিষেবা দেয়ার ব্যাপারে অবগত করবে; অথবা
    - ১ এপ্রিল তারিখের পরে কিন্তু ১০ মে তারিখের আগে, সিএসই-কে অবশ্যই ১৫ আগস্ট তারিখের মধ্যে উপযুক্ত পরিষেবা দেয়ার ব্যাপারে অবগত করবে; অথবা
    - ১১ মে তারিখের পরে, নিয়মিত রেফারেল হিশেবে (অর্থাৎ রেফারেল-এর ৬০ স্কুল দিবসের) সিএসই যথাযথ সময়সীমার মধ্যে অবশ্যই উপযুক্ত পরিষেবা দেয়ার ব্যাপারে অবগত করবে।

- যদি রেফারেল দেয়ার ৬০ ক্যালেন্ডার দিবসের মধ্যে ডিপার্টমেন্ট আপনার সন্তানকে মূল্যায়ন না করে তাহলে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এর ব্যয়ে আপনার স্বতন্ত্র মূল্যায়ন করার অধিকার রয়েছে।

- সিএসই-এর মূল্যায়নে একমত না হলে আপনার স্বতন্ত্র মূল্যায়ন পাওয়ার অধিকার রয়েছে। এর জন্য আপনাকে অবশ্যই লিখিত অনুরোধপত্রের মাধ্যমে সিএসই-কে অবহিত করতে হবে। হয় সিএসই স্বতন্ত্র মূল্যায়নের ব্যয় বহনে রাজি হবে নতুবা তাদের মূল্যায়ন যে উপযুক্ত, সেটি প্রমাণের জন্য পক্ষপাতহীন ন্যায়-বিচার প্রক্রিয়ার উদ্যোগ গ্রহণ করবে।

- আপনি সিএসই-এর সুপারিশ চ্যালেঞ্জ করলে, যতদিন মধ্যস্থতা বা পক্ষপাতহীন ন্যায়-বিচার প্রক্রিয়া সম্পন্ন না হয়, ততদিন আপনার সন্তানের অবস্থান "ঝুলন্ত" বা "স্থগিত" রাখার অধিকার আপনার আছে। এর অর্থ হল, বিরোধ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং সিএসই ও পিতামাতা অন্য কোন ব্যবস্থা সম্পর্কে ঐকমত্যে না পৌঁছা পর্যন্ত প্রি-স্কুলের শিক্ষার্থী তার বর্তমান শিক্ষা কর্মসূচি অব্যাহত রাখতে পারবে, যদি সেই কর্মসূচির অধীনে অনুমোদিত স্কুল-বয়স উপযোগী কর্মসূচি পাওয়া যায়। যদি প্রি-স্কুল কর্মসূচিটি স্কুল-বয়সের উপযোগী কর্মসূচি হিশেবে অনুমোদিত না হয়, তাহলে আপনি এবং সিএসই আপিল প্রক্রিয়া চলাকালে আপনার সন্তানের বিকল্প ব্যবস্থা নিয়ে আলোচনা করবেন।

এই অধিকারসহ আরো অন্যান্য অধিকার বিশদভাবে বর্ণনা করা হয়েছে ***"প্যারেন্টস গাইড টু স্পেশাল এডুকেশন"*** ও ***"প্রসিডিউরাল সেফগার্ড নোটিশ"***-এ।

স্পেশাল এডুকেশনের **উপকরণ**

স্কুল-বয়সীদের সার্ভিস

সাধারণ শিক্ষার সাথে:

(১) *শ্রেণিবদ্ধকরণ থেকে অবমুক্তি পরিষেবা*
কোন প্রতিবন্ধী শিক্ষাথীর জন্য সহায়তা অথবা বিশেষ শিক্ষা সার্ভিস-এর সহায়তাহীন সাধারণ শিক্ষায় প্রবেশরত ছাত্র-ছাত্রীদের শিক্ষক বা শিক্ষিকার জন্য



(২) *অতিরিক্ত পরিচর্যা ও পরিষেবা*
প্রতিবন্ধী সাধারণ শিক্ষার শিক্ষাথীদেরকে সাহায্য করার জন্য প্রদত্ত সহায়তা।

(৩) বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা
বিশেষ শিক্ষার একজন শিক্ষক কর্তৃক সাধারণ শিক্ষায় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষাথীদের সহায়তা করার জন্য বিশেষভাবে রূপায়িত এবং/অথবা সম্পূরক নির্দেশনাসহ পরিষেবা। সপ্তাহে ন্যূনতম ২ ঘন্টা ও স্কুল দিবসের সর্বোচ্চ ৫০%।

(4) *সংশ্লিষ্ট সার্ভিসসমূহ*
স্পিচ থেরাপি
ফিজিক্যাল থেরাপি
অকুপেশনাল থেরাপি
পরামর্শ পরিষেবা যাতায়াত ও চলাচল
দৃষ্টি/শ্রবণ প্রতিবন্ধী পরিষেবা
স্কুল হেল্‌থ্ সার্ভিসেস
প্যারাপ্রফেশনাল সার্ভিসেস

(৫) সহযোগিতামূলক দলগত শিক্ষকতা
একজন সাধারণ শিক্ষার ও একজন বিশেষ শিক্ষার শিক্ষক কর্তৃক প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন শিক্ষাথীদের যৌথভাবে শিক্ষাপ্রদান।

(৬) *বিশেষ শ্রেণি*
প্রতিবন্ধী শিক্ষাথী জন্য স্বয়ংসম্পূর্ণ শ্রেণিকক্ষ।

(৭) *স্টেট-এর ভিতরে বা বাইরে দিবা/আবাসিক ব্যবস্থা*

(৮) *বাড়িতে / হাসপাতালে শিক্ষা*
দিনে ১ ঘন্টা, প্রাথমিক পর্যায়ে
দিনে ২ ঘন্টা, মাধ্যমিক পর্যায়ে

স্কুল-বয়সীদের পরিষেবা

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ

আপনার সন্তান স্কুলে প্রবেশকালে তার কী কী পরিষেবা প্রয়োজন তা নির্ধারণ করার সময়ে, আইইপি টিম ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (এলআরই) অবশ্যই আপনার সন্তানের জন্য যথার্থ প্রয়োজনীয় বলে সুপারিশ করবে। এর অর্থ হল, বিশেষ শিক্ষার রিজিওন্যাল কমিটি (সিএসই) আপনার অংশগ্রহণসহ, অবশ্যই বিবেচনা করে দেখবে, কীভাবে আপনার সন্তানকে প্রতিবন্ধী নয় এমন ছেলেমেয়েদের সাথে একসাথে লেখাপড়া করতে দেয়া যায়, যাতে তার ব্যক্তিক প্রয়োজনের পক্ষে সর্বোচ্চ মাত্রায় উপযুক্ত শিক্ষা প্রদান করা যায়।

১. সিএসই প্রথমে অবশ্যই বিবেচনা করবে যে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে সহায়তা, পরিচর্যা ও পরিষেবা প্রদানের মাধ্যমে আপনার সন্তানের প্রয়োজন মেটানো যায় কি না।

২. অন্যান্য ব্যবস্থা যেমন, বিশেষ শ্রেণিকক্ষ বা বিশেষ স্কুল অথবা সাধারণ শিক্ষার পরিবেশ থেকে আলাদা করার কথা শুধুমাত্র তখনই বিবেচনা করা হবে যখন সাধারণ শ্রেণিকক্ষে সম্পূরক সহায়তা এবং পরিষেবা প্রদান করেও সন্তোষজনকভাবে সাফল্য অর্জন সম্ভব হবে না।

৩. আপনার সন্তান প্রতিবন্ধিতার কারণে যদি অনুপযুক্ত না হয়, তাহলে তাকে অপ্রতিবন্ধী ছেলেমেয়েদের সাথে পাঠক্রম-বহির্ভূত কর্মসূচি ও অপ্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডে (যেমন, শরীরচর্চা শিক্ষা, বিরতি, স্কুল ছুটি পরবর্তী কার্যক্রম) অংশগ্রহণের সুযোগ দিতে হবে।

৪. আপনার সন্তান প্রতিবন্ধী না হলে যে স্কুলে পড়তে হতো, তাকে সেই স্কুলে পড়াশোনার সুযোগ দিতে হবে (এলাকাভিত্তিক নির্দিষ্ট স্কুল), যদি না তার আইইপি অনুযায়ী ভিন্ন ব্যবস্থার প্রয়োজন হয়।

আমাদের লক্ষ্য, সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে বিদ্যমান সুযোগ বাড়িয়ে প্রয়োজনীয় সহায়তা, পরিচর্যা ও পরিষেবা প্রদান করে প্রতিবন্ধী ছেলেমেয়েদের সাথে অপ্রতিবন্ধী ছেলেমেয়েদের একসাথে লেখাপড়া করানো। তবে, যেসব ছেলেমেয়েদের শিক্ষা সংক্রান্ত প্রয়োজন সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে মেটানো সম্ভব নয়, তাদের জন্য পৃথক ক্লাস, পৃথক স্কুল, নন-পাবলিক স্কুল এবং বাড়ি ও হাসপাতালে নির্দেশনা প্রদানের ব্যবস্থা থাকবে।

(১) *শ্রেণিবদ্ধকরণ থেকে অবমুক্তি পরিষেবা*

বিশেষ শিক্ষা কর্মসূচি থেকে সনদচ্যুত হওয়া শিক্ষার্থীকে সাধারণ শিক্ষায় উত্তরণকালে সহায়তা করার লক্ষ্যে এই পরিষেবাসমূহ সরাসরি শিক্ষার্থীকে বা তার শিক্ষককে (অর্থাৎ অপ্রত্যক্ষভাবে) দেয়া হয়। এই পরিষেবার অন্তর্ভুক্ত থাকতে পারে নির্দেশনামূলক সহায়তা, প্রতিকার, পরিমার্জনমূলক নির্দেশনা অথবা একক বা দলীয় অভিভাষণ অথবা কাউন্সেলিং, অবশ্য এই পরিষেবা শুধু এই কয়েকটি বিষয়ের মধ্যে সীমাবদ্ধ নয়।

যখন একটি আইইপি টিম কোনো শিক্ষার্থীর সর্বশেষ আইইপি-তে তাকে শ্রেণিবদ্ধকরণ থেকে অবমুক্ত করার সুপারিশ করে, তখন সার্বক্ষণিক সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে যাওয়ার পর সফল উত্তরণের জন্য শিক্ষার্থীর প্রথম বছরে কী কী পরিষেবা প্রয়োজন হতে পারে আইইপি টিম তা শিক্ষার্থীর আইইপি-তে উল্লেখ করবে।

(২) *সম্পূরক পরিচর্যা এবং পরিষেবা সহযোগে সাধারণ শিক্ষা*

বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা সুপারিশ করার আগে, সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে আপনার সন্তানের অংশগ্রহণে সহায়তা করার জন্য কী কী বিশেষ শিক্ষার সম্পূরক পরিচর্যা ও পরিষেবা প্রদান করা সম্ভব, আই.ই.পি. দল তা বিবেচনা করবে।

সম্পূরক পরিচর্যা ও পরিষেবা

সম্পূরক পরিচর্যা ও পরিষেবার অর্থ পরিচর্যা, পরিষেবা ও অন্যান্য সহায়তা যা সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে অথবা অন্যান্য শিক্ষা-সম্পর্কিত স্থাপনায় প্রদান করা হয়, যাতে প্রতিবন্ধী শিক্ষার্থীরা অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সঙ্গে প্রয়োজনীয় ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সঙ্গতিপূর্ণ সর্বাধিক শিক্ষাগ্রহণে সমর্থ হয়।

সম্পূরক পরিচর্যা এবং পরিষেবার মধ্যে নিম্নলিখিত সরঞ্জাম, যন্ত্রপাতি ও অভিযোজন অন্তর্ভুক্ত হতে পারে, তবে তা নিম্নলিখিত বিষয়ের মধ্যে সীমাবদ্ধ হবে না:

- ***আচরণগত হস্তক্ষেপ বা সহায়তা পরিকল্পনা:*** যে সকল ছেলেমেয়ের আচরণ তাদের লেখাপড়াকে ব্যাহত করে, তাদের জন্য একটি ব্যবহারিক আচরণ মূল্যায়ন সম্পন্ন করা প্রয়োজন, যে মূল্যায়নের উদ্দেশ্য কখন শিক্ষার্থীট অসদাচরণ করে এবং কী ধরনের আচরণ প্রর্দশন করে, তা শনাক্ত করা। সাধারণত এই ব্যবহারিক আচরণ মূল্যায়ণের ফল হলো একটি আচরণগত অনুশাসন পরিকল্পনা তৈরি করা। আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনায় বিবৃত হয় সেই কৌশল, যার ব্যবহার করে শিক্ষার্থীর আচরণ পরিবর্তনে সহায়তা করা হবে।

- ***পাঠক্রমে অন্তর্ভুক্তিকরণ:*** অন্তর্ভুক্তিকরণ একজন শিক্ষার্থী কী উপায়ে তথ্য পায় এবং কী উপায়ে সে তথ্য আয়ত্ত করতে পেরেছে, তা প্রদর্শন করে, তার পরিবর্তন ঘটায়। বইয়ের বদলে অডিওটেপের ব্যবহার, বড় অক্ষরে ছাপা বই, ব্রেইল সরঞ্জাম, অঙ্ক করার জন্য ক্যালকুলেটর অথবা হাতে লেখার বদলে ওর্য়াড প্রসেসরের ব্যবহার অন্তর্ভুক্তিকরণের অন্তর্ভুক্ত, যদিও অন্তর্ভুক্তিকরণ শুধু এসবের মধ্যে সীমাবদ্ধ নয়।

- ***পাঠক্রম পরিমার্জন:*** পাঠক্রম পরিমার্জন পাঠদানের পন্থা ও স্তর বদল করে, কিন্তু বিষয়বস্তু পরিবর্তিত হয় না। পরিমার্জনের উদাহরণ হলো প্রদত্ত কাজের রূপ ও অভিনিবেশ পরিবর্তন করা।

- ***ব্যক্তিগত সহায়তা:*** এই সহায়তার উদাহরণ হলো প্রশ্ন ও নির্দেশনা পুনর্লিখন, দুই ক্লাসের মধ্যর্বতী সময় বাড়ানো, বিশেষ আসন ব্যবস্থা, পরীক্ষার আসন, পাঠক্রম সহায়ক উপাদান যেমন, হাইলাইট করা পাঠ্য, মূল ধারণার সারসংক্ষেপ, সাংগঠনিক পরিচর্যা, পুর্বে-লিখিত নোট অথবা পাঠ্য-নির্দেশিকা।

'সম্পূরক পরিচর্যা ও পরিষেবা' বিভিন্ন ধরণের সার্ভিস প্রদানকারীদের অন্তর্ভুক্ত করতে পারে, তবে তা এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়, যেমন 'সংশ্লিষ্ট পরিষেবা' প্রদানকারী, বিশেষ শিক্ষার শিক্ষক ও আধাপেশাজীবীগণ। আপনার সন্তানের স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য সম্পূরক পরিচর্যা ও পরিষেবা বিভিন্ন উপায়ে সন্নিবেশিত করা যেতে পারে।

(৩) ***বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা***

'বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা' বিশেষ ভাবে প্রণয়ন করা এবং/অথবা সম্পূরক নির্দেশনা প্রদান করা হয় একজন বিশেষ শিক্ষার শিক্ষক দ্বারা। বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা প্রণয়ন করা হয়েছে একজন শিক্ষার্থীকে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে অবস্থান করা এবং একই সাথে একজন বিশেষ শিক্ষার শিক্ষকের কাছ থেকে খণ্ডকালীন পরিষেবা লাভ করার জন্য। বিশেষ শিক্ষার শিক্ষক সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে আপনার সন্তানের অংশগ্রহণে সহায়তা করতে তার সাথে সরাসরি কাজ করতে পারেন এবং তাকে সরাসরি বিশেষভাবে প্রণয়নকৃত এবং/অথবা সম্পূরক নির্দেশনা দিতে পারেন। এর অন্তর্ভুক্ত থাকতে পারে, পাঠ্য বিষয় অভিযোজন করা অথবা তার জন্য ভিন্ন প্রশিক্ষণ পদ্ধতির ব্যবহার করা, যেমন দৃষ্টি-সহায়ক উপকরণ, হাইলাইট করা খাতা এবং সরলীকৃত নির্দেশনা। এছাড়া বিশেষ শিক্ষার শিক্ষক পরোক্ষভাবেও আপনার সন্তানের স্বতন্ত্র প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে শিক্ষা পরিবেশের সামঞ্জস্যবিধান এবং/অথবা নির্দেশনা কৌশল ও পদ্ধতির পরিমার্জন ও খাপ খাওয়ানোর জন্য সাধারণ শিক্ষার শিক্ষকের সাথে কাজ করতে পারেন।

- 'বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা' প্রদান করা যেতে পারে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে, অথবা সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষের বাইরে আলাদা কোনো স্থানে, অথবা এই দুই ধরনের ব্যবস্থার সংমিশ্রণে সৃষ্ট ব্যবস্থায়।

- 'বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা' দলগতভাবে প্রদান করা হলে একটি দলে আট জনের বেশি শিক্ষার্থী অন্তর্ভুক্ত করা যাবে না।

➢ 'বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা' প্রদান করা যেতে পারে সর্বনিম্ন সপ্তাহে দুই ঘন্টা এবং প্রতি দিনের সর্বোচ্চ ৫০%।

➢ প্রতিদিন আপনার সন্তানকে কয় ঘন্টা, কোথায় এবং কীভাবে পরিষেবা প্রদান করা হবে, সে পরিষেবা প্রত্যক্ষভাবে তাকে, এবং/অথবা অপ্রত্যক্ষভাবে তার সাধারণ শিক্ষার শিক্ষকের মাধ্যমে প্রদান করা হবে কি না, এসব বিষয় আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই উল্লেখ থাকবে ।

(৪) *সংশ্লিষ্ট পরিষেবা*

'সংশ্লিষ্ট পরিষেবা' মানে উন্নয়নমূলক, সংশোধনমূলক ও অন্যান্য সহায়তামূলক পরিষেবা যা একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর নির্দেশনামূলক কর্মসূচি থেকে উপকৃত হবার জন্য প্রয়োজন। আপনার সন্তানের 'সংশ্লিষ্ট পরিষেবা' প্রি-স্কুল থেকে স্কুল-বয়সে বেড়ে ওঠার সাথে সাথে বদলাতে পারে, যেমন ছেলেমেয়েদের চাহিদা বয়স বাড়ার সাথে সাথে বদলায়। 'সংশ্লিষ্ট পরিষেবা' হতে পারে আপনার সন্তানকে প্রদত্ত একমাত্র পরিষেবা, অথবা এই পরিষেবা অন্যান্য বিশেষ শিক্ষা পরিষেবা যেমন বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা সহযোগে প্রদান করা হতে পারে। নিম্নলিখিত 'সংশ্লিষ্ট পরিষেবা' প্রদান করা হতে পারে:

পরামর্শ পরিষেবা হলো সেই পরিষেবা যা প্রণয়ন করা হয়েছে যথাযথ স্কুল আচরণ, শৃঙ্খলা, আত্মনিয়ন্ত্রণ, বয়স্ক এবং সহপাঠীদের সাথে মিথস্ক্রিয়ায় সমস্যাগ্রস্তদের মধ্যে বিরোধ নিরসন, যারা নিজেদের প্রত্যাহার করে নেয় বা দুষ্টামী করে, যাদের আত্মবিশ্বাস কম অথবা মানিয়ে নেয়ার দক্ষতা কম যা শিক্ষগ্রহণকে উল্লেখযোগ্যভাবে ব্যাহত করে, ইত্যাদি ক্ষেত্রে সামাজিক ও আবেগগত ক্রিয়ার উন্নয়ন ঘটানোর জন্য। যদি কোনো শিক্ষার্থীর অনন্য চাহিদার কারণে বিশেষ ধরনের পরিষেবা প্রদানকারীর (যেমন, গাইডেন্স কাউন্সিলর, স্কুল মনোবিজ্ঞানী বা সমাজকর্মীর) পরিষেবা প্রয়োজন হয়, তাহলে তা আইইপি-তে অবশ্যই উল্লেখ থাকতে হবে।

শ্রবণ-শিক্ষণ পরিষেবা সেই সকল পরিষেবা, যেগুলো প্রণয়ন করা হয়েছে বাচন, পঠন, শ্রবণ সম্পর্কিত প্রশিক্ষণ এবং ভাষা বিকাশে নির্দেশনা প্রদান করার জন্য যাতে গ্রহণমূলক/অভিব্যক্তিমূলক যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করা যায়।

স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি (বাচন ও ভাষা শিক্ষার চিকিৎসা) সেই সকল পরিষেবা, যা প্রণয়ন করা হয়েছে শিক্ষার্থীদের শ্রবণ প্রক্রিয়া (অর্থাৎ যে উপায়ে তারা শব্দ ও ভাষা বোঝে), উচ্চারণগত/ধ্বনিগত দক্ষতা ঋঁঅন, উপলব্ধি, এবং বাক্য-বিন্যাসের ব্যবহার, বাস্তবানুগতা, স্বরসৃষ্টি ও সাবলীলভাবে কথা বলায় দুর্বলতা কমানোর জন্য।

অকুপেশনাল থেরাপি-তে (স্নায়ু বা পেশির কর্মদক্ষতার জন্য বিশেষ চিকিৎসা) উদ্দেশ্যমূলক কর্মকাণ্ড সম্বলিত কোনো কর্মসূচির পরিকল্পনা ও ব্যবহার করা হয় যা প্রণয়ন করা হয়েছে শিক্ষা সম্পর্কিত সকল কর্মকাণ্ডে অভিযোজন ও ক্রিয়ামূলক দক্ষতা যেমন সূক্ষ্ম পেশি সঞ্চালন দক্ষতা, উচ্চারণসংশ্লিষ্ট পেশী সঞ্চালন দক্ষতা, ইত্যাদির রক্ষণাবেক্ষণ, উন্নয়ন বা পুনরুদ্ধারের জন্য।

যাতায়াত ও চলাচল পরিষেবা বলতে সেই সকল পরিষেবা বুঝায়, যেগুলো প্রণয়ন করা হয়েছে শিক্ষার্থীর পারিপার্শ্বিকতার ও পরিবেশের ধারণা লাভের জন্য এবং তাদের ইন্দ্রিয়লব্ধ তথ্য (যেমন, শব্দ, তাপ, স্পন্দন) ব্যবহার করে চলাচলের যাত্রাপথ প্রতিষ্ঠা করা, রক্ষণাবেক্ষণ করা এবং দিক-নির্দেশনা ফিরে পাওয়া। এই পরিষেবা দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে প্রদান করা হয়।

ফিজিক্যাল থেরাপি (শরীরচর্চামূলক চিকিৎসা) এমন একটি পরিষেবা যাতে শারীরিক কর্মকাণ্ডের ব্যবহার করে সামগ্রিক স্নায়বিক পেশীর উন্নয়ন, চলাচল, ভারসাম্য ও ভিন্ন ভিন্ন পরিস্থিতির মধ্যে সমন্বয়সাধনসহ সকল ক্রিয়ার রক্ষণাবেক্ষণ, উন্নয়ন বা পুনরুদ্ধার করা হয়, যে ক্রিয়াকলাপের অন্তর্ভুক্ত শ্রেণিকক্ষ, ব্যায়ামাগার, বাথরুম, খেলার মাঠ, সিঁড়ি, ও এক শ্রেণিকক্ষ থেকে আরেক শ্রেণিকক্ষে যাওয়া, ইত্যাদি, কিন্তু তা শুধু এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়।

স্কুল স্বাস্থ্য পরিষেবা হলো সেই পরিষেবা, যা স্কুল নার্স বা প্যারাপ্রফেশনালরা নিরাপদ শিক্ষা পরিবেশ নিশ্চিত করার জন্য শিশু চিকিৎসকদের দ্বারা শিশুর নির্দিষ্ট স্বাস্থ্য সংক্রান্ত নথিভুক্ত প্রয়োজনের প্রতি মনোযোগ প্রদান করেন।

দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা পরিষেবা *এমন কার্যক্রমা* প্রণয়ন করা হয়েছে স্পর্শগ্রাহ্য, দৃষ্টিগ্রাহ্য ও শ্রবণগ্রাহ্য কৌশল ব্যবহারের মাধ্যমে 'ব্রেইল', 'নেমেথ কোড', বড় অক্ষরে ছাপা, ক্ষীণদৃষ্টির সহায়ক কাঁচ বা অন্য যন্ত্রপাতি এবং অন্যান্য দক্ষতা ব্যবহার করে প্রাতিষ্ঠানিক, সামাজিক, বৃত্তিমূলক ও জীবনযাপনের সামঞ্জস্যবিধানের দক্ষতা, শিক্ষা এবং তথ্য সংগ্রহের সামর্থ্য বৃদ্ধি করার জন্য।

পিতামাতাদের জন্য পরামর্শ পরিষেবা ও প্রশিক্ষণ ছেলেমেয়েদের বিশেষ প্রয়োজন অনুধাবন করতে পিতামাতাদের সহায়তা প্রদান, পিতামাতাদের সন্তানের অগ্রগতি সম্পর্কিত তথ্য দান এবং পিতামাতাদেরকে তাদের সন্তানের আইইপি (স্বতন্ত্র শিক্ষা কর্মসূচি) বাস্তবায়নের প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সাহায্য করে। সাধারণত যে সমস্ত বিশেষ শিক্ষার ক্লাসে শিক্ষক অনুপাত ৮:১:১, ৬:১:১ ও ১২:১:৪, সে সমস্ত শিক্ষার্থীর পিতামাতাদের এটা প্রদান করা হয়। এই পরিষেবা বয়স্কদের পরামর্শ পরিষেবা নয় বা এর লক্ষ্যও নয় পিতামাতাদের ব্যক্তিগত বা শিক্ষাগত প্রয়োজন মেটানো।

সুপারিশকৃত যে কোনো 'সংশ্লিষ্ট পরিষেবা' আপনার সন্তানের আইইপি-এর ৯ পৃষ্টায় উল্লেখ করা আছে। আপনার সন্তান সপ্তাহে বা মাসে কত বার পরিষেবা পাবে (হার), প্রতিটি সেশনের দৈর্ঘ্য (স্থায়িত্ব), দলের সর্বোচ্চ আকার (যদি আপনার সন্তানকে দলগতভাবে পরিষেবা দেয়া হয়), পরিষেবার জন্য কোন্ ভাষা অবশ্যই ব্যবহার করতে হবে এবং এই পরিষেবা আপনার সন্তানের ক্লাসরুম না বাইরের অন্য পৃথক কক্ষে প্রদান করা হবে (স্থান), তা উল্লেখ করা আছে।

যদি আপনার সন্তানের আইইপি-তে এক বা একাধিক সংশ্লিষ্ট পরিষেবা গ্রহণের সুপারিশ থাকে এবং এডুকেশন ডিপার্টমেন্ট নিজ জনবল বা অন্য সংস্থার সাথে চুক্তিকৃত জনবল দ্বারা স্কুল চলাকালে বা স্কুলের পরে সেই পরিষেবা দিতে সমর্থ না হয়, তাহলে আপনাকে একটি 'সংশ্লিষ্ট পরিষেবা অনুমোদন' (আরএসএ) দেয়া হবে। এই আরএসএ-এর মাধ্যমে আপনি নিজ অর্থ ব্যয় ছাড়া এডুকেশন ডিপার্টমেন্টের বাইরে যথাযথ লাইসেন্সপ্রাপ্ত স্বতন্ত্র পরিষেবা প্রদানকারীদের খুঁজে বের করতে পারবেন যারা সুপারিশকৃত পরিষেবা প্রদান করতে পারে। আপনার সন্তানের স্কুল, বিশেষ শিক্ষা কমিটি (সিএসই) অথবা অফিস অব রিলেটেড অ্যান্ড কনট্রাকচ্যুয়াল সার্ভিসেস যার ফোন নম্বর (২১২) ৩৭৪-৬০৯৭, আপনাকে এ কাজে সাহায্য করতে পারবে। ডিপার্টমেন্ট-এর নিম্নোক্ত ওয়েবসাইটে আপনি স্বতন্ত্র সেবা প্রদানকারীদের একটা তালিকা পাবেন:

http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/default.htm

(৫) *সহযোগিতামূলক দলগত শিক্ষকতা*
সহযোগিতামূলক দলগত শিক্ষকতার শ্রেণিকক্ষে প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী উভয় ধরনের শিক্ষার্থীরা দুইজন শিক্ষকের অধীনে একত্রে পড়াশোনা করে: একজন সার্বক্ষণিক সাধারণ শিক্ষার শিক্ষক ও একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক সারাদিন একত্রে কাজ করেন। শিক্ষক দুজন একসঙ্গে কাজ করে শিক্ষার্থীদের জন্য শিক্ষানির্দেশনা অভিযোজন ও পরিমার্জন করেন এবং সমগ্র শ্রেণির সাধারণ শিক্ষার পাঠক্রমে অধিগম্যতা নিশ্চিত করেন।

যে সকল শিক্ষার্থী সহযোগিতামূলক দলগত শিক্ষা লাভ করে তারা সংশ্লিষ্ট পরিষেবা, সহায়ক প্রযুক্তি, আধাপেশাজীবীদের পরিষেবা অথবা অন্যান্য প্রয়োজনীয় সম্পূরক উপকরণ এবং পরিষেবাও পেতে পারে।

সহযোগিতামূলক দলগত শিক্ষা সাধারণত সার্বক্ষণিকভাবে প্রদান করা হয়। বিভাজিত স্কুল কর্মসূচির অধীনে এই পরিষেবা সারাদিনের চেয়ে কম সময়ে প্রদান করা হতে পারে যেখানে বিষয়-ভিত্তিক ক্লাস পরিবর্তন করা হয়। এই সার্ভিস খণ্ডকালীনভাবে প্রদান করা হলে, প্রতিদিন কতবার এ পরিষেবা পাওয়া যাবে, তা অবশ্যই সুনির্দিষ্টভাবে আপনার সন্তানের আইইপি-তে উল্লেখ করা থাকবে।

(৬) *বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা*
'বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা' প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রদান করা হয় স্ব-নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষে। সাধারণ শিক্ষার শ্রেণীকক্ষে, এমনকি সম্পূরক পরিচর্যা ও পরিষেবা সহযোগেও যে সকল শিক্ষার্থীর প্রয়োজন মেটানো সম্ভব নয়, বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা প্রদান করা হয় সেই সকল ছেলেমেয়েদের।

স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শ্রেণিতে শিক্ষার্থীদের অবশ্যই অনুরূপ চাহিদানুযায়ী দলবদ্ধ করতে হবে। প্রাতিষ্ঠানিক ও শিক্ষাগ্রহণের বৈশিষ্ট্য, সামাজিক বিকাশ, শারীরিক বিকাশ ও ব্যবস্থাপনা চাহিদার পর্যায় সমান হলে একটি শ্রেণিতে একই রকম প্রতিবন্ধী বা ভিন্ন রকম প্রতিবন্ধী ছেলেমেয়ে থাকতে পারে।

শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক এবং/অথবা ব্যবস্থাপনার চাহিদার উপর নির্ভর করে বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা বিভিন্ন আকারের জনবলের ব্যবস্থা করে। বিশেষ শ্রেণিকক্ষের সর্বোচ্চ আকার হতে পারে ছয় থেকে পনের জন শিক্ষার্থীবিশিষ্ট। বিশেষ শ্রেণিকক্ষের কর্মীসংখ্যার মধ্যে থাকেন একজন বিশেষ শিক্ষার শিক্ষক এবং এক থেকে চারজন আধাপেশাজীবী। যদি আপনার সন্তানের শিক্ষাগ্রহণের জন্য আরো নিবিড় ও সার্বক্ষণিক তত্ত্বাবধায়ন প্রয়োজন হয়, তাহলে তাকে আরো নিবিড় শিক্ষার্থী-প্রতি শিক্ষক আনুপাতিক হার-এর জন্য সুপারিশ করা হবে। আপনার সন্তানের আইইপি টিম আপনার সন্তানের জন্য সঠিক কর্মীসংখ্যার আনুপাতিক হার নির্ধারণ করবে এবং তা অবশ্যই আইইপি-তে উল্লেখ থাকবে।

বিশেষ শ্রেণীকক্ষ পরিষেবা খণ্ডকালীন বা সার্বক্ষণিকভাবে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ও হাই স্কুলে, অথবা সার্বক্ষণিকভাবে বিশেষায়িত ডিস্ট্রিক্ট সেভেন্টি-ফাইভ স্কুলে অথবা স্টেট পরিপোষিত ও অনুমোদিত বেসরকারি স্কুলে প্রদান করা হতে পারে।

উপরের প্রতিটি ক্ষেত্রে অপ্রতিবন্ধী ছেলেমেয়েদের সাথে আপনার সন্তানের শিক্ষাগ্রহণের সুযোগ ভিন্ন প্রকারের।

কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টস/হাই স্কুল আপনার সন্তানকে সমবয়স্ক সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের সাথে মেশার সর্বাধিক সুযোগ দেয়।

মারাত্মক প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত পাবলিক স্কুল (ডিস্ট্রিক্ট সেভেন্টি-ফাইভ স্কুল)
মারাত্মক প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত পাবলিক স্কুল (ডিস্ট্রিক্ট সেভেন্টি-ফাইভ সিটিভিত্তিক কর্মসূচি) বধির বা কম শুনতে পায় এরকম, অন্ধ বা দৃষ্টি প্রতিবন্ধী এবং এর চেয়েও মারাত্মক প্রতিবন্ধী ছেলেমেয়ে, যাদের বৃহত্তর কাঠামো ও আরো নিবিড় শিক্ষাগ্রহণের পরিবেশ প্রয়োজন, তাদের জন্য সমগ্র সিটিতে নির্দেশনা পরিষেবা ও বিশেষায়িত পরিবেশ প্রদান করে।

বিশেষায়িত ডিস্ট্রিক্ট সেভেন্টি-ফাইভ পাবলিক স্কুলের ক্লাস অনুষ্ঠিত হয় স্বনিয়ন্ত্রিত স্কুল ভবনে অথবা শহরের বিভিন্ন পাবলিক স্কুলে। বিশেষায়িত ডিস্ট্রিক্ট সেভেন্টি-ফাইভ পাবলিক স্কুল শুধুমাত্র প্রতিবন্ধী শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত এবং সার্বক্ষণিকভাবে বিশেষ শ্রেণিকক্ষ পরিষেবা প্রদান করে। বিশেষায়িত পাবলিক স্কুলে অপ্রতিবন্ধী সমবয়স্কদের সাথে একাত্মকরণের সুযোগ অপেক্ষাকৃত কম। কোনো শিক্ষার্থীকে অপ্রতিবন্ধী সমবয়স্কদের সাথে একাত্মকরণ ও অন্তর্ভুক্তিকরণের সুযোগ প্রদান করা হয় তার আইইপি-এর ভিত্তিতে এবং ডিস্ট্রিক্ট ৭৫ এর জনবলের সহায়তায়।

নিচে বিশেষ শ্রেণিকক্ষের জন্য ভিন্ন ভিন্ন শিক্ষার্থী/জনবল অনুপাত বর্ণনা করা হল:

বিশেষ শ্রেণিকক্ষ অনুপাত ১২:১ (প্রাথমিক ও জুনিয়র/মাধ্যমিক স্কুল) ১৫:১ (হাই স্কুল)

- প্রাথমিক ও মাধ্যমিক/জুনিয়র হাই স্কুলে প্রতি শ্রেণিতে বারো (১২) জনের বেশি শিক্ষার্থী থাকবে না অথবা হাই স্কুলে প্রতি শ্রেণিতে পনের (১৫) জনের বেশি শিক্ষার্থী থাকবে না
- একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক থাকবেন

এই ব্যবস্থা সেইসব শিক্ষার্থীর জন্য যাদের প্রাতিষ্ঠানিক এবং/অথবা আচরণ ব্যবস্থাপনার চাহিদা রয়েছে এবং যাদের স্বনিয়ন্ত্রিত স্থাপনায় শিক্ষা সুসম্পন্ন করার জন্য বিশেষ ধরনের নির্দেশনা প্রয়োজন।

বিশেষ শ্রেণিকক্ষ অনুপাত ১২:১:১

- কোনো শ্রেণিতে বারো (১২) জনের বেশি শিক্ষার্থী থাকবে না
- একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক থাকবেন
- একজন সার্বক্ষণিক আধাপেশাজীবী থাকবেন

এই ব্যবস্থা সেইসব শিক্ষার্থীর জন্য যাদের প্রাতিষ্ঠানিক এবং/অথবা আচরণ ব্যবস্থাপনার চাহিদা শিক্ষাগ্রহণ প্রক্রিয়াকে ব্যহত করে এবং যে কারণে তাদের অতিরিক্ত বয়স্ক সহায়তা ও বিশেষায়িত নির্দেশনা প্রয়োজন যা সুসম্পন্ন করা যেতে পারে স্বয়ংস্মম্পন্ন শ্রেণিকক্ষে।

বিশেষ শ্রেণিকক্ষ অনুপাত ৮:১:১

- কোনো শ্রেণিতে আট (৮) জনের শিক্ষার্থী থাকবে না
- একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক থাকবেন
- একজন সার্বক্ষণিক আধাপেশাজীবী থাকবেন

এই ব্যবস্থা সেইসব শিক্ষার্থীর জন্য যাদের চাহিদা তীব্র ও দীর্ঘস্থায়ী এবং যাদের নিবিড় ও সার্বক্ষণিক তত্ত্বাবধায়ন প্রয়োজন, উল্লেখযোগ্য স্বতন্ত্র মনোযোগ প্রয়োজন, অনুশাসন এবং নিবিড় আচরণ ব্যবস্থাপনা ও অতিরিক্ত বয়স্ক সহায়তা প্রয়োজন।

বিশেষ শ্রেণিকক্ষ অনুপাত ৬:১:১

- কোনো শ্রেণিকক্ষে ছয় (৬) জনের বেশি শিক্ষার্থী থাকবে না
- একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক থাকবেন
- একজন সার্বক্ষণিক আধাপেশাজীবী থাকবেন

এই শ্রেণিকক্ষ সেই সকল শিক্ষার্থীর জন্য যাদের বেশির ভাগ ক্ষেত্রে চাহিদা অত্যন্ত বেশি যেমন, প্রাতিষ্ঠানিক, সামাজিক এবং/অথবা পারস্পরিক সম্পর্কের বিকাশ, শারীরিক বিকাশ ও ব্যবস্থাপনা। ভাষা এবং সামাজিক দক্ষতা আয়ত্ত করতে চরম অসুবিধার কারণে শিক্ষার্থীদের আচরণকে আগ্রাসী, আত্ম-পীড়নমূলক, অন্তর্মুখী হিশেবে শ্রেণিবদ্ধ করা হয়। এই শিক্ষার্থীদের প্রয়োজন অত্যন্ত নিবিড় স্বতন্ত্র কর্মসূচি, বয়স্কদের দ্বারা সার্বক্ষণিক তত্ত্বাবধান, সাধারণত সব কাজে নিয়োজিত করার জন্য একটি বিশেষায়িত আচরণ ব্যবস্থাপনা কর্মসূচি এবং একটি স্পিচ/ল্যাঙ্গুয়েজ (বাচন/ভাষা) থেরাপি (যার অংশ হতে পারে অতিরিক্ত বা বিকল্প যোগাযোগ।)

বিশেষ শ্রেণিকক্ষ অনুপাত ১২:১:৪

- কোনো শ্রেণিকক্ষে বারো (১২) জনের বেশি শিক্ষার্থী থাকবে না
- একজন সার্বক্ষণিক বিশেষ শিক্ষার শিক্ষক থাকবেন
- প্রতি তিনজন শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত কর্মী (আধাপেশাজীবী) থাকবেন

এই শ্রেণিকক্ষ সেই সকল শিক্ষার্থীর জন্য যাদের ভাষা সীমিত এবং যাদের প্রতিষ্ঠানিক ও স্বতন্ত্র চলাচলে একাধিক ও মারাত্মক প্রতিবন্ধিতা রয়েছে। এই শিক্ষার্থীদের প্রধানত প্রয়োজন ক্ষমতায়ন ও চিকিৎসা কর্মসূচি যার অন্তর্ভুক্ত প্রাত্যহিক জীবনযাপনের দক্ষতা, যোগাযোগ দক্ষতার বিকাশ, ইন্দ্রিয় উদ্দীপনা ও থেরাপিউটিক ইন্টারভেনশন (চিকিৎসা সংক্রান্ত হস্তক্ষেপ)।

(৭) স্টেট-সহায়তাপ্রাপ্ত স্কুল

স্টেট-সহায়তাপ্রাপ্ত স্কুল (৪২০১ স্কুল নামেও পরিচিত) বধির, অন্ধ, তীব্র আবেগজনিত সমস্যাক্রান্ত, অথবা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের নিবিড় বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করে যাদেরকে সিএসই এধরনের কর্মসূচির জন্য যোগ্য বলে শ্রেণিভুক্ত করেছে। যে সকল ছেলেমেয়ের সপ্তাহে পাঁচ দিন ২৪ ঘন্টা পরিষেবা দরকার, কিছু কিছু স্টেট-সহায়তাপ্রাপ্ত স্কুল তাদের জন্য পাঁচ দিনের আবাসিক পরিষেবা প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি স্কুল (দিবাকালীন)

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি স্কুল সেই সকল শিক্ষার্থীদের জন্য কর্মসূচি পরিচালনা করে যাদের নিবিড় শিক্ষা সংক্রান্ত চাহিদা পাবলিক স্কুল কর্মসূচির অধীনে মেটানো সম্ভব নয়। স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের স্কুলে শুধুমাত্র প্রতিবন্ধী শিক্ষার্থীরা আসে বিধায় সেখানে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে একত্রে শিক্ষাগ্রহণের কোনো সুযোগ থাকে না। স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের (এসইডি.) কোনো বেসরকারি স্কুল শুধুমাত্র তখনই কোনো শিক্ষার্থীকে ভর্তি করতে পারবে যখন সেই স্কুলটি আইইপি-তে সুপারিশকৃত পরিষেবা প্রদান করতে সমর্থ হবে।

যখন আইইপি টিম এই সিদ্ধান্তে পৌঁছায় যে আপনার সন্তানের জন্য কোনো পাবলিক স্কুলে যথাযথ সার্ভিস নেই, তখন টিম আপনার সন্তানের আইইপি-তে “সিবিএসটি-এর কারণে বিলম্বিত” লিখে দেবে এবং স্টেট অনুমোদিত বেসরকারি স্কুল শনাক্ত করার জন্য ‘সেন্ট্রাল বেইজড সাপোর্ট টিম’ (সিবিএসটি)-এর সাথে পরামর্শ করবে। যখন একটি যথাযথ বেসরকারি স্কুল চিহ্নিত করা হবে এবং আপনার সন্তানকে সেই স্কুলে ভর্তি করে নেয়া হবে, তখন সেই স্কুলের নাম আপনার সন্তানের আইইপি-তে লেখা হবে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি স্কুল (আবাসিক)

আবাসিক স্কুল হলো এমন স্থাপনা, যা শ্রেণিকক্ষে নিবিড় কর্মসূচি প্রদান করে এবং স্কুল অভ্যন্তরে দিনে ২৪ ঘন্টাব্যাপী কাঠামোবদ্ধ জীবনযাপনের পরিবেশ প্রদান করে। এই কর্মসূচি সেই সকল শিক্ষার্থীর জন্য যাদের শিক্ষা সংক্রান্ত চাহিদা এতই নিবিড় যে ২৪ ঘন্টা হস্তক্ষেপ করার প্রয়োজন হয়। যে সমস্ত আবাসিক স্কুল নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক অনুমোদিত, সে সমস্ত স্কুল নিউ ইয়র্ক স্টেট বা অন্যান্য নিকটবর্তী স্টেটে অবস্থিত। যখন আইইপি টিম সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তানের জন্য যথাযথ পরিষেবা কোনো পাবলিক স্কুলে নেই, তখন টিম স্টেট অনুমোদিত আবাসিক কর্মসূচি শনাক্ত করার জন্য সিবিএসটি-এর সাথে পরামর্শ করবে। যখন কোনো যথাযথ বেসরকারি স্কুল শনাক্ত করা হবে, তখন আপনার সন্তানের আইইপি-তে সেই স্কুলের নাম লেখা হবে।

(৮) বাড়িতে ও হাসপাতালে শিক্ষা

এই শিক্ষাবিষয়ক পরিষেবা প্রদান করা হয় সেই সকল প্রতিবন্ধী শিক্ষার্থীকে যারা দীর্ঘদিন ধরে স্কুলে যেতে পারবে না। এই পরিষেবা সাধারণত সাময়িক এবং যতদিন একজন শিক্ষার্থী স্কুলে যাওয়া পুনরায় শুরু না করতে পারে ততদিন দেয়া হয় অথবা হাসপাতাল নির্দেশনার ক্ষেত্রে, যতদিন শিক্ষার্থীকে হাসপাতাল থেকে ছাড়া না হয় ততদিন এই পরিষেবা দেয়া হয়। যে সকল ছেলেমেয়ে তীব্র শারীরিক অসুস্থতা বা আবেগগত সমস্যার কারণে স্কুলে যেতে পারে না, এই পরিষেবা সেই সকল শিক্ষার্থীর জন্য

সুপারিশ করা যেতে পারে। সেই সাথে, যে সকল শিক্ষার্থী কোনো বিশেষায়িত পরিবেশের জন্য অপেক্ষমাণ যা এখনো পাওয়া যাচ্ছে না, এই পরিষেবা তাদের জন্যও সুপারিশ করা যেতে পারে।

আপনার হাই স্কুলে পড়া সন্তান দিনে ন্যূনতম ২ ঘন্টা পরিষেবা পাওয়ার উপযুক্ত এবং অন্য সকল পর্যায়ের শিক্ষার্থীরা পাবে দিনে ১ ঘন্টা করে। মোট ঘন্টা, সেশনের দৈর্ঘ্য ও সপ্তাহে কতবার এই সেবা প্রদান করা হবে তা আপনার সন্তানের স্বতন্ত্র চাহিদার উপর ভিত্তি করে আইইপি টিমকে অবশ্যই নির্ধারণ করে দিতে হবে।

অতিরিক্ত বিশেষ শিক্ষা পরিষেবা

আধাপেশাজীবী পরিষেবা

কোনো কোনো প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য ব্যবস্থাপনার প্রয়োজনে ও নির্দেশনা থেকে উপকৃত হবার জন্য স্কুলে সারাদিন অথবা দিনের আংশিক সময়ের জন্যে আধাপেশাজীবী পরিষেবা প্রয়োজন হতে পারে। একজন আধাপেশাজীবী অন্যান্য কাজের বাইরে নিম্নোক্ত কাজে নিযুক্ত হতে পারে:

- আপনার সন্তানের আচরণ তার নিজের বা অন্য কারো জন্য বিপদজনক হলে তাকে সহায়তা করার জন্য একজন 'আচরণ নিয়ন্ত্রণকারী আধাপেশাজীবী' দরকার;

- আপনার সন্তানের অধিকতর নিয়ন্ত্রিত পরিবেশে স্থানান্তরিত হওয়ার জন্য অপেক্ষাকালে সময়ে একজন 'অ্যাওয়েটিং প্লেসমেন্ট প্যারাপ্রফেশনাল' দরকার, অথবা

- যদি স্কুলে যাতায়াতের বাসে আপনার সন্তানের আচরণ তার নিজের বা অন্য কারো জন্য বিপদজনক হয় তাহলে একজন 'বিশেষ পরিবহন আধাপেশাজীবী' দরকার।

আধাপেশাজীবীদেরকে সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার, ওরাল ইন্টারপ্রেটার এবং সাংকেতিক বক্তব্যের ব্যাখাকারী, অথবা যাতায়াত ও চলাচল, স্বাস্থ্যসেবা বা শৌচাগার ব্যবহারে সহায়তা, অথবা অন্য যে কোনো প্রয়োজনেও নিয়োগ করা যেতে পারে।

সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে আপনার সন্তানকে বিভিন্ন কাজে খাপ খাওয়াতে সহায়তা করার জন্য, এবং সাহস জোগানো ও ক্ষুদ্র দলগত নির্দেশনার জন্য আধাপেশাজীবীদের সহায়তার প্রয়োজন হতে পারে। সব পরিস্থিতিতে আপনার সন্তানের জন্য একই পর্যায়ের সহায়তা দরকার নাও হতে পারে। কোনো শিক্ষার্থীর হয়তো গণিত ক্লাসে সহায়তার প্রয়োজন হতে পারে এবং তারপর সারাদিনে আর কোনো অতিরিক্ত সহায়তার প্রয়োজন নাও হতে পারে। সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে সম্পূরক পরিচর্যা ও পরিষেবা হিশেবে আধাপেশাজীবীর সহায়তার প্রয়োজন রয়েছে কি না তা আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই উল্লেখ থাকতে হবে এবং দিনে বা সপ্তাহে কত ঘন্টার সহায়তা দরকার আইইপি-তে তারও উল্লেখ থাকতে হবে। মাধ্যমিক/জুনিয়র হাই স্কুলের অথবা হাই স্কুলের শিক্ষার্থীর ক্ষেত্রে কোন্ কোন্ পাঠ্য বিষয়ে আধাপেশাজীবীর সহায়তা দরকার সেটা আইইপি-তে নির্দিষ্ট করে বলতে হবে।

সহায়তকারী প্রযুক্তিগত যন্ত্র ও পরিষেবা

সহায়তাকারী প্রযুক্তিগত যে কোনো যন্ত্র, পণ্য বা ব্যবস্থা যা একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর ক্রিয়ামূলক সামর্থ্য বৃদ্ধি, রক্ষণাবেক্ষণ বা উন্নয়নের জন্য ব্যবহার করা হয় (যেমন, যোগাযোগের যন্ত্র, এফ.এম. ইউনিট, কম্পিউটার)। সহায়তাকারী প্রযুক্তি পরিষেবা মানে যে কোনো পরিষেবা যা সরাসরি একজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে কোনো সহায়তকারী প্রযুক্তির যন্ত্র বাছাই, অর্জন, অথবা ব্যবহার করতে সাহায্য করে। আপনার সন্তানের যদি কোন সহায়তাকারী প্রযুক্তির প্রয়োজন হয় তাহলে তা অবশ্যই তার আইইপি-তে তালিকাভুক্ত থাকতে হবে। যদি আপনি মনে করেন যে আপনার সন্তানের সহায়তাকারী প্রযুক্তি প্রয়োজন তাহলে আপনি সহায়তাকারী প্রযুক্তি মূল্যায়নের জন্য অনুরোধ করতে পারেন।

অভিযোজিত শারীরিক শিক্ষা

অভিযোজিত শারীরিক শিক্ষা কর্মসূচি হলো বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি, ক্রীড়া, খেলাধুলা এবং ছন্দ, যা একেকজন প্রতিবন্ধী শিক্ষার্থীর আগ্রহ, সক্ষমতা এবং সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্যপূর্ণ, নিয়ন্ত্রণহীনভাবে নিয়মিত শারীরিক শিক্ষা কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারে না এমন শিক্ষার্থীদের জন্য একটি বিশেষভাবে প্রণীত কর্মসূচি। কোনো শিক্ষার্থীকে তখনই অভিযোজিত শারীরিক শিক্ষার জন্য সুপারিশ করা হবে যখন সে প্রতিবন্ধী অবস্থার কারণে শারীরিক শিক্ষার নিয়মিত কর্মসূচিতে ভাল করতে পারে না।

সাংবাৎসরিক স্কুল পরিষেবা

সাংবাৎসরিক স্কুল পরিষেবা সেই সকল প্রতিবন্ধী শিক্ষার্থীকেও যাদের যে কোন স্থাপনায় শিক্ষা প্রদান করা হয়েছে, যাদের এমন প্রতিবন্ধিতা রয়েছে, যার কারণে গ্রীষ্মকালে তাদের গুরুত্বপূর্ণ পশ্চাদমুখী প্রবণতা রোধের জন্য শিক্ষা প্রচেষ্টা অব্যাহত রাখা প্রয়োজন।

শৌচাগার প্রশিক্ষণ

শৌচাগার প্রশিক্ষণ স্বল্পমেয়াদি নির্দেশনামূলক পরিষেবা যার মাধ্যমে একজন শিক্ষার্থীকে নিজে নিজে শৌচাগার ব্যবহার করা শেখানো হয়। একজন আধাপেশাজীবী এই পরিষেবা গ্রহণকারী শিক্ষার্থীকে শৌচাগার ব্যবহার শেখানোর জন্য সময় নির্ধারণ করেন, তাকে নির্দেশনা দেন এবং শৌচাগার ব্যবহার করে স্বাবলম্বী হতে সহায়তা করেন।

ভ্রমণ প্রশিক্ষণ

ভ্রমণ প্রশিক্ষণ পরিষেবা স্বল্পমেয়াদি, সামগ্রিক ও বিশেষভাবে প্রণীত নির্দেশনা যা অন্ধ বা দৃষ্টিপ্রতিবন্ধী ছাড়া অন্য সকল হাই স্কুল-বয়সী প্রতিবন্ধীদের দেয়া হয় যাতে তারা এই সার্ভিসের মাধ্যমে নিরাপদে ও স্বাধীনভাবে গণপরিবহন ও সুবিধাসমূহ খুঁজে বের করতে এবং বাড়ি থেকে নির্দিষ্ট গন্তব্যে (সাধারণত স্কুল অথবা কর্মস্থল) যাতায়াত করা শিখতে পারে।

উত্তরণকালীন সহায়তা পরিষেবা

একটি স্বল্প সময়ের উত্তরণকালীণ সহায়তা পরিষেবা যেমন, আলোচনা-পরামর্শ অথবা প্রশিক্ষণ, প্রতিবন্ধী শিক্ষার্থীর সাথে কর্মরত শিক্ষকদের প্রদান করা হতে পারে, যখন তার শিক্ষার্থী স্বয়ংসম্পূর্ণ বিশেষ শ্রেণিকক্ষ থেকে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে বা কম বিধি-নিষেধযুক্ত শ্রেণিকক্ষে যায়।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
বিশেষ শিক্ষা কমিটির প্রধানদের সঙ্গে যোগাযোগের তথ্য

সিএসই	ডিস্ট্রিক্ট	ঠিকানা	ফোন নম্বর	সিএসই প্রধান
১	৭, ৯, ১০	One Fordham Plaza Bronx, New York 10458	(718) 329-8091	রোসেটা ব্রাউন-লি
২	৮, ১১, ১২	3450 East Tremont Ave., 2nd Floor Bronx, New York 10465	(718) 794-7428 অথবা (718) 794-7429	মিশেল বেটি
৩	২৫, ২৬	30-48 Linden Place Flushing, New York 11354	(718) 281-3520	সুসান আর্চি
	২৮, ২৯	90-27 Sutphin Boulevard Jamaica, New York 11435	(718) 557-2500	
৪	২৪, ২৭, ৩০	28-11 Queens Plaza North, 5th Floor Long Island City, New York 11101	(718) 391-8405	এসথার মোরেল
৫	১৯, ২৩, ৩২	1665 St. Marks Avenue Brooklyn, New York 11233	(718) 642-5836	আইভি লিন্ডার
৬	১৭, ১৮, ২২	5619 Flatlands Avenue Brooklyn, New York 11234	(718) 968-6200	আরলেন রোজেনস্টক
৭	২০, ২১	415 89th Street Brooklyn, New York 11209	(718) 759-4933	ক্লেয়ার ডোনেল্যান
	৩১	715 Ocean Terrace, Building A Staten Island, New York 10301	(718) 420-5752	
৮	১৩, ১৪, ১৫, ১৬	131 Livingston Street Brooklyn, New York 11201 I 335 Adams Street, 5th Floor Brooklyn, New York 11201 (Satellite Location)	(718) 935-4900 (718) 935-5200	ডেবোরা কাফি-জ্যাকসন
৯	১, ২, ৪, ৭	333 7th Ave, 4th Floor New York, New York 10001	(917) 339-1600	জেরি ডোনেগ্যান
১০	৩, ৫, ৬	388 West 125th Street New York, New York 10027	(212) 342-8300	মেরিলিন স্প্রেচার

Department of Education
Joel I. Klein, Chancellor

স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভস অফিস
52 Chambers Street, New York, New York 10007